**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**29 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

==============================================================

১) মেক-ইন-ইন্ডিয়ার মাধ্যমে ভারত নির্মান ক্ষেত্রের একটি শক্তিকেন্দ্রে পরিণত হয়েছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন্তব্য ।

২) মাতৃভাষার ব্যবহার এবং ২০ হাজারের অধিক ভারতীয় ভাষার সংরক্ষণের ওপর মন-কি-বাতের ১১৪তম পর্বের সম্প্রচারে প্রধানমন্ত্রীর গুরুত্ব আরোপ ।

৩) আসাম প্রত্যক্ষ নিযুক্তি কমিশনের অধীন স্নাতক তৃতীয় শ্রেনীর পদ এবং দশম শ্রেনী উর্ত্তীর্ণ চালক পদের পরীক্ষা শান্তিপূর্ণভাবে সম্পন্ন ।

৪) মুখ্যমন্ত্রী আত্মনির্ভর আসাম অভিযানের অধীন বাছাই করা ২৫ হাজার ২৩৮ জন শিলপদ্যোগীকে আর্থিক সহায়তা প্রদানের ব্যবস্থা আগামীকাল থেকে আরম্ভ ।

---

প্রাধনমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে মেক-ইন-ইন্ডিয়ার মাধ্যমে ভারত বর্তমান নির্মান ক্ষেত্রের শক্তিকেন্দ্রে পরিনত হয়েছে । তিনি বলেন যে দরিদ্র শ্রেণী , মধ্যবিত্ত এবং ক্ষুদ্র , অতি ক্ষুদ্র এবং মাঝারী শিল্পসমূহ মেক-ইন-ইন্ডিয়ার মাধ্যমে বিশেষ ভাবে লাভবান হ ওয়া সহ সমাজের সব শ্রেণীর লোক নিজ নিজ প্রতিভার বিকাশের ও সুযোগ লাভ করেছেন । আকাশবাণীযোগে প্রচারিত মাসিক অনুষ্ঠান মন-কি-বাতের ১১৪তম পর্বে আজ প্রধানমন্ত্রী এ কথা বলেন । তিনি মেক-ইন-ইন্ডিয়ার সাফল্যের ওপর আলোকপাত করে বলেন যে এই অভিযানের সাফল্য ই দেশের বৃহৎ শিল্পগুলির সঙ্গে প্রত্যেকটি ক্ষেত্রের

ক্ষুদ্র ব্যবসায়ীদেরও অর্ন্তভুক্ত করা হয়েছে । শ্রী মোদী বলেন যে এই অভিযান দেশের রপ্তানি বাণিজ্য বৃদ্ধি করা সহ প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগকে আকর্ষন করতেও সমর্থ হবে । সরকার উৎপাদনের গুণগত মানের ওপর গুরুত্ব প্রদান করা সহ স্থানীয় সামগ্রির ব্যবহার বৃদ্ধি করার লক্ষ্যে ভোকাল-ফর-লোকাল নীতিতেও গুরুত্ব আরোপ করেছে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন । এই ক্ষেত্রে তিনি মহারাষ্ট্রের ভান্ডারা জেলার একটি উদাহরণ দিয়ে মেক-ইন-ইন্ডিয়া উদ্যোমকে প্রতিফলিত করে ওই জেলার ৫০টির অধিক স্বনির্ভর গোষ্ঠী তুষার সিল্কের কাজ করছে বলে উল্লেখ করেন । প্রধানমন্ত্রী আসন্ন উৎসব মরসুমর দেশের তৈরী সামগ্রী ক্রয় করতে জনসাধারণের প্রতি আহ্বান জানান ।

সরকারী তথা কর্মসংস্থানের পরিবর্তিত পরিস্থিতির প্রতি আলোকপাত করে প্রধানমন্ত্রী বলেন যে নতুন নতুন ক্ষেত্রের প্রয়োজন অনুসারে সরকারী চাকুরির ধরণেরও পরিবর্তন হচ্ছে । তিনি বলেন যে তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয় ভারতের নিজস্ব বিষয়বস্তুর আধারে প্রতিভা তথা সৃষ্টিশীলতা বিকাশের লক্ষ্যে ২৫টি প্রত্যহ্বানমূলক কাজ শুরু করেছে । তিনি সৃষ্টিশীল কাজের জন্য যুক্ত লোকেদের এতে অংশ গ্রহণ করার আহ্বান জানান ।

স্বচ্ছ ভারত অভিযানের সাফল্যের ওপর আলোকপাত করে প্রধানমন্ত্রী বলেন যে আগামী দুসরা অক্টোবর এই অভিযানের ১০ বছর সম্পূর্ণ হবে এবং মানুষের মধ্যে আবর্জনাকে বিকল্প সম্পত্তিতে রূপান্তরিত করার বিষয়টি যে ভাবে জনপ্রীয় হয়ে ওঠেছে এতেই এই অভিযানের সাফল্য প্রমানিত হয় । তিনি বলেন যে বর্তমানে দেশবাসী পুনর ব্যবহার এবং নবীকরণের বিষয়টি নিয়ে চিন্তা-চর্চা শুরু করেছে । প্রধানমন্ত্রী স্বচ্ছ ভারত মিশনকে গণ আন্দোলনে রূপান্তর করার জন্য সবার প্রতি আহ্বান জানান । স্বচ্ছতার জন্য সমগ্র জীবন উৎসর্গ করে যাওয়া মহাত্মা গান্ধীর প্রতি তিনি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন । আজকের মন-কি-বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী মায়ের নামে একটি গাছ অর্থাৎ এক-পেড় মাকে নাম অভিযানে অংশ গ্রহণ করতে সবাইকে উৎসাহিত করেন । তিনি বলেন যে এই অভিযানের সাফল্যই সমগ্র সমাজকে অভাবনীয় ফল এনে দেবে ।

বিকাশ ভি , ভিরাসত ভি মন্ত্রের উল্লেখ করে শ্রী মোদী তার সাম্প্রতিক আমেরিকা যুক্তরাষ্ট্র সফরের সময় সেখান থেকে প্রায় ৩শোটি প্রাচীন কলা সামগ্রী দেশে ফিরিয়ে এনেছেন বলে জানান । তিনি জানান যে আমেরিকা যুক্ত রাষ্ট্রের রাষ্ট্রপতি জো বাইডান তার ব্যাক্তিগত বাসগৃহে তাকে এই সামগ্রী সমূহ দেখিয়েছিলেন । যেসব সামগ্রী ফিরিয়ে আনা হয়েছে তার মধ্যে পাথর , টেরাকটা , হাতীদাঁত , কাঠ , এবং ব্রোঞ্জের সামগ্রী রেয়েছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন । এই ভারতীয় সামগ্রীর অবৈধ সরবরাহ একটি বড় অপরাধ বলে বর্ণনা করে তিনি বলেন যে সরকার বর্তমানে বিভিন্ন দেশে থাকা ভারতের মূল্যবান সামগ্রীগুলি দেশে ফিরিয়ে আনার চেষ্টা করছে ।

মাতৃভাষার ওপর আলোকপাত করে প্রধানমন্ত্রী বলেন যে ভারতে প্রায় ২০ হাজার ভাষা এবং উপভাষা রয়েছে । তিনি বিভিন্ন ভাষা , বিশেষকরে সাওতালী ভাষা সংরক্ষণের জন্য গৃহিত ব্যবস্থার প্রশংসা করেন । এই অভিযান সাওতালী ভাষাকে একটি নতুন পরিচয় এনে দেবে বলে উল্লেখ করেন । মন-কি-বাতের ১১৪তম পর্বের কথা উল্লেখ করে শ্রী মোদী বলেন যে এই পর্বে তিনি বিশেষভাবে আবেগিক , কারণ এই অনুষ্ঠান ১০ বছর পূর্ণ করার পথে এগিয়ে চলেছে । তিনি বলেন যে ১০ বছর আগে তেসরা অক্টোবর বিজয়া দশমীর দিন মন-কি-বাত শুরু হয়েছিল । প্রধানমন্ত্রী বলেন যে দেশের বিভিন্ন প্রান্ত থেকে বিভিন্ন বিষয়ের তথ্য সরবরাহ করে কোটি কোটি শ্রোতা মন-কি-বাতকে সমৃদ্ধ করেছে । শ্রোতাদের এই অনুষ্ঠানের মূল ভিত বলে অবিহিত করে শ্রী মোদী বলেন যে দেশের মানুষ যোগাত্মক তথ্য পাওয়ার জন্য কতটুকু আগ্রহী তা মন-কি-বাত প্রমান করে দেখিয়েছে । প্রধানমন্ত্রী মন-কি-বাতের ১০ বছরে আকাশবাণী , দূরদর্শন এবং প্রসার ভারতীর সঙ্গে যুক্ত সবার প্রশংসা করে বলেন যে এদের অক্লান্ত পরিশ্রমের জন্য মন-কি-বাত গুরুত্বপূর্ণ মাইল ফলক স্পর্শ করতে সক্ষম হয়েছে । এক ই সঙ্গে তিনি , টি ভি চ্যানেল , ছাপা মাধ্যম এবং ইউটিউভারদেরও ধন্যবাদ জ্ঞাপন করেন ।

---

রাজ্যের বেশ কয়েকটি জেলায় আজ স্নাতক পর্যায়ের তৃতীয় শ্রেণী ও দশম শ্রেণী উত্তীর্ন প্রার্থীর চালক পদের জন্য আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা অনুষ্ঠিত হয় ।রাজ্য সরকার এই পরীক্ষা স্বচ্ছ ও সুষ্ঠুভাবে অনুষ্ঠিত করা সহ পরীক্ষা প্রক্রিয়ায় অসাধু উপায় অবলম্বন করা রোধ করার জন্য পরীক্ষা চলার সময়কালে সমগ্র রাজ্যে সকাল সাড়ে ৮ টা থেকে বিকেল সাড়ে চারটা পর্যন্ত মোবাইল ইন্টারনেট সেবা বন্ধ রাখে । উল্লেখ্য আজ সকাল ৯ টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত স্নাতক পর্যায়ের তৃতীয় শ্রেণীর পরীক্ষা অনুষ্ঠিত হয় । অন্যদিকে বেলা দেড়টা থেকে বিকেল সাড়ে চারটা পর্যন্ত চালক পদের পরীক্ষা অনুষ্ঠিত হয় ।পরীক্ষা শেষের পর প্রার্থীদের প্রশ্নপত্র নিজের সংগে দিয়ে দেওয়া হয় ।

আজ করিমগঞ্জ জেলায় ও এই পরীক্ষা শান্তিপূর্নভাবে অনুষ্ঠিত হয় ।জেলার ৯ হাজারের ও বেশী প্রার্থী এই পরীক্ষায় অবতীর্ন হয়েছিল ।

---

মুখ্যমন্ত্রী আত্মনির্ভর আসাম অভিযানের অধীনে বাছাই করা ২৫ হাজার ২৩৮ জন শিল্পদ্যোগীকে আর্থিক সাহায্য প্রদানের ব্যবস্থা আগামীকাল আরম্ভ করা হবে । গৌহাটীর খানাপারার আসম পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে আগামীকাল অনুষ্ঠেয় বিশেষ

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা রাজ্যের বাছাই করা বেশ কিছু শিল্পদ্যোগীকে আনুষ্ঠানিকভাবে এর প্রথম কিস্তি প্রদান করবেন ।অনুষ্ঠানে রাজ্যের শিল্প বানিজ্য ও সরকারী প্রতিষ্ঠান বিভাগের মন্ত্রী  বিমল বরার উপস্থিত থাকার কথা রয়েছে । এই অভিযানের মাধ্যমে রাজ্যের বেকার সমস্যা হ্রাস করা ছাড়া ও শিল্পায়নের পরিবেশ সৃষ্টি করার প্রয়াস করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী জানান ।এই প্রকল্পের মাধ্যমে নবপ্রজন্মকে স্বাবলম্বী করে তুলতে আর্থিক অনুদান , প্রশিক্ষন ও বিপণনের সুবিধা প্রদানের ব্যবস্থা করা হয়েছে । এছাড়া এর অধীনে কৃষি উদ্যান শস্য , পেকেজিং , বৃত্তিমূলক শিক্ষায় স্বনিয়োজন , মৎস্য পালন , বাঁশ  , রবার অগরু ইত্যাদি রোপণ , কলম তথা লেখা সামগ্রীর ব্যবসায় , কাঠভিত্তিক শিল্প , পশুধন ইত্যাদি অন্যান্য ক্ষেত্রের বিবেচিত শিল্পদ্যোগীদের ২ লক্ষ টাকা থেকে ৫ লক্ষ টাকা পর্যন্ত সাহায্য প্রদান করা হবে ।

---

হাইলাকান্দি জেলায় মূখ্যমন্ত্রীর আত্ম-নির্ভর অসম অভিযানে ৩০১ জন হিতাধিকারীকে নির্বাচিত করা হয়েছে । হাইলাকান্দি জেলা প্রশাসন থেকে নির্বাচিত হিতাধিকারীদের তিন দিনের প্রশিক্ষনের পর আজ সন্ধ্যায় ৮টি বিশেষ বাসে করে গুয়াহাটী নিয়ে যাওয়া হচ্ছে । মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা আগামীকাল  গুয়াহাটীতে আয়োজিত অনুষ্ঠানে নির্বাচিত হিতাধিকারীদের হাতে আনুষ্ঠানিকভাবে চেক তুলে দেবেন ।
এর আগে নির্বাচিত হিতাধিকারীদের সঙ্গে মূখ্যমন্ত্রী আজ মত বিনিময় করেন । হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে স্থানীয় এস এস কলেজে ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে আয়োজিত মত বিনিময় সভায় জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম , অতিরিক্ত আয়ুক্ত এল খিংতে , জেলা শিল্প ও বানিজ্য কেন্দ্রের জেনারেল ম্যানেজার ডিম্পল শইকিয়া , জেলা উন্নয়ন আয়ুক্ত এল ফারহিন প্রমূখ অংশগ্রহন করেন ।

---

রাজ্য ও কেন্দ্র সরকারের বিভিন্ন জনকল্যানমূলক প্রকল্পগুলি জনসাধারনের কাছে নিয়ে যেতে রাজ্যের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া বিজেপি কর্মীদের প্রতি আহ্বান জানিয়েছেন । মন্ত্রী শ্রী বরুয়া গতকাল সন্ধ্যায় ভারতীয় জনতা পার্টির হাইলাকান্দি জেলা শাখার উদ্যোগে আয়োজিত একটি পর্য্যালোচনা বৈঠকে হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রে ৫৩ হাজার সদস্য ভর্তির লক্ষ্য নির্ধারন করে দিয়েছেন । স্থানীয় প্রেক্ষাগৃহে আয়োজিত সভায় দুই বিধায়ক

কৌশিক রাই ও বিজয় মালাকার , বিজেপির জেলা সভাপতি স্বপন ভট্টাচার্য্য , তপশিলী মোর্চার রাজ্য সভানেত্রী মুন স্বর্নকার প্রমূখ অংশগ্রহন করেন ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে আসন্ন উৎসবের মরশুমে যাত্রী ভীড় সামাল দিতে সীমান্ত রেল ১৩ জোড়া বিশেষ যাত্রী ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে দূর্গা পূজা , কালী পূজা ও ছট পূজা উপলক্ষ্যে আগামি পয়লা অক্টোবর থেকে ৩০শে নভেম্বর পর্য্যন্ত শিলচর , আগরতলা , নাহারলগুন , তিন্সুকিয়া, কাটিহার, ডিব্রুগড় থেকে বিশেষ যাত্রী ট্রেন চালানো হবে ।

---

করিমগঞ্জ জেলায় জাতীয় পোষন মাস উপলক্ষ্যে গতকাল জেলার উমরপুর গ্রামের ওঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকাদের উদ্যোগে হাজী আকদ্দস আলী প্রাথমিক বিদ্যালয়ে বিশেষ সভার আয়োজন করা হয়েছে । এদিনের সভায় পোষন মাসের প্রাসঙ্গিকতা নিয়ে বদরপুর আই সি ডি এস-এর সি ডি পি ও উর্বসী বরুয়া কাকতি , ডক্টর মিজানুর রহমান, এনাম উদ্দিন প্রমূখ বক্তব্য রাখেন । সভায় এক পেড় মা-কে নাম , গাছ লাগানোর শপথবাক্য পাঠ করান ব্লক কো-অর্ডিনেটর তাজ উদ্দিন । পরে সুস্থ শিশু পুরষ্কার বিজয়ীদের হাতে তুলে দেওয়া হয়েছে ।

---

পঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত পি এন বি আর সেটি কাছাড়ের উদ্যোগে গতকাল থেকে শিলচরে জেলা গ্রাম উন্নয়ন সংস্থার কার্য্যলয়ের সভাকক্ষে ছয় দিনের প্রশিক্ষন কর্মশালা শুরু হয়েছে । প্রশিক্ষন কর্মশালায় বরাক উপত্যকার ৩৫ জন বেকার যুবক-যুবতী অংশগ্রহন করেছেন । আগামী তেসোরা অক্টোবর পর্য্যন্ত এই কর্মশালা চলবে ।

---

---